

Case Study

নীচের অনুচ্ছেদটি পড়ে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো:

(ঘ) ছোট্টো নদী—দেখতে এতটুকু, নামটিও তার নমা; কেউ বলে অনামা, কেউ বলে অনোমা, কেউ বা ডাকে অনমা।... সে ঘুরে ঘুরে চলেছে আম-কাঁঠালের বনের ধার দিয়ে, ছোট্টো ছোট্টো পাহাড়ের গা ঘেঁষে—কখনো পূর্বমুখে, কখনো দক্ষিণমুখে। সিদ্ধার্থ চলেছেন সেই নদীর ধারে ধারে ছাওয়ায়-ছাওয়ায়, মনের আনন্দে। এখন সে সবুজ ছাওয়া, এমন সে জলের বাতাস যে মনে হয় এইখানেই থাকি। ফলে ভরা, পাতায় ঢাকা জামগাছ, একেবারে নদীর ওপর ঝুঁকে পড়েছে, তারি তলায় খবিরের আশ্রম। সেখানে সাতদিন, সাতরাত্রি কাটিয়ে সিদ্ধার্থ বৈশাখী নগরে এলেন।

- ১। আমাদের দেশের সবচেয়ে বড়ো নদীর নাম কী? - চূর্ণী/গঙ্গা/যমুনা/নর্মদা।
- ২। আম-কাঁঠাল পাওয়া যায় -- গ্রীষ্মকালে/ বর্ষাকালে/ বসন্তকালে/হেমন্তকালে।
- ৩। সাতদিনে হয় -- একমাস/একবছর/এক সপ্তাহ/একযুগ।
- ৪। হিমালয়ের সবচেয়ে উঁচু চূড়াটি হল -- কাঞ্চনজঙ্ঘা/কারাকোরাম/দোদাবেতা/এভারেস্ট।
- ৫। জাম খেলে জিভের রং হয়-- লাল/বেগুনি/সবুজ/হলুদ।